

সিদ্ধির সিটি এনালিসিস এন্ড দপ্তর
২২৫ ২৬/০৯/২০২০
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র
সিদ্ধির পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর অর্ধবার্ষিক প্রতিবেদন পর্যালোচনার জন্য অনুষ্ঠিত বিশেষজ্ঞ
পুলের সভার কার্যবিবরণী**

সভার তারিখ: ২২ জানুয়ারি, ২০২০ খ্রিঃ
সময়ঃ দুপুর -২.৩০ ঘটিকা
সভার স্থানঃ ভবন নং০৪, কক্ষ নং-০৬, পরিকল্পনা বিভাগ
সভাপতিঃ জনাব মোঃ নূরুল আমিন, সচিব পরিকল্পনা বিভাগ।

- ১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।
- ২.০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন APA বিশেষজ্ঞ পুলের পর্যালোচনাক্রমে আগামী ৩০/০১/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস এ এন্ট্রি প্রদানের নির্দেশনা রয়েছে।
- ৩.০ তিনি সভাকে আরও জানান যে, পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর ০৫ টি কৌশলগত উদ্দেশ্যের ১৮টি কার্যক্রমের মধ্যে ৩৩ টি কর্মসম্পাদন সূচক এবং ৩টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ১৯ টি কার্যক্রমের আওতায় ৩৩ টি কর্মসম্পাদন সূচক রয়েছে। বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) অনুমোদনক্রমে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৫/১০/১৯ তারিখে এবং ২য় ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৫/০১/২০২০ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
- ৪.০ সভায় অংশগ্রহণকারী সম্মানিত সদস্যগণ পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এ বর্ণিত সূচকসমূহের অগ্রগতি পর্যালোচনা করেন এবং প্রমাণকসহ নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস-এ দাখিল করার জন্য সম্মতি জ্ঞাপন করেন।
- ৫.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩/০১/২০২০
(মোঃ নূরুল আমিন)
সচিব
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩৬.০০১.১৯-৩৯০


তারিখঃ ১৩ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

বিতরণ : (ফ্রেমানুসারে নয় জ্যেষ্ঠতার)

১. জনাব মোঃ জিয়াউল ইসলাম, সিনিয়র সচিব (পিআরএল ভোগরত), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. জনাব মোঃ সাঈদুল হক, প্রধান (অবসরপ্রাপ্ত) পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩. জনাব এ.এস.এম আব্দুর রহিম, প্রধান (অবসরপ্রাপ্ত) পরিকল্পনা কমিশন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব ঢাকা।, পরিকল্পনা বিভাগ,
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. অফিস কপি।


২৭/১/২০

(মোঃ রফিকুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯১৮০৭৯২

E-mail: ro.pms@plandiv.gov.bd